



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/জা/২০১৯/২১৪৫

তারিখঃ ২১/০১/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি ভেঙে দেয়া প্রসঙ্গে।**

- সূত্র : (i) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.৩৯.০০২.১৭.১৪ তারিখঃ ০৯/০১/২০২০ খ্রিঃ পত্র  
(ii) অত্র বোর্ডের তদন্ত প্রতিবেদন  
(iii) জেলা শিক্ষা অফিসার, জামালপুর-এর স্মারক নং- ৩৭.০২.৩৯০০.০০১.১৮.২০-৯৪৬ তারিখঃ ১৬.০১.২০২০ খ্রিঃ পত্র  
(iv) সভাপতি, ম্যানেজিং কমিটি-এর ১২/০১/২০২০ তারিখের কারণ দর্শানো জবাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জামালপুর জেলার সদর উপজেলাধীন “বাংলাদেশ উচ্চ বিদ্যালয়” এ ‘পাঠ্যপুস্তক উৎসব ২০২০’ উদযাপনকালে সরকারি নির্দেশনা অমান্য করে পাঠ্যপুস্তক বিতরণের অজুহাতে শিক্ষা প্রতিষ্ঠানটি কর্তৃক শিক্ষার্থীদের নিকট হতে বিভিন্ন ফি আদায় সংক্রান্ত অভিযোগ এবং ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিভিন্ন প্রকার আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ডের তদন্ত প্রতিবেদন, জেলা শিক্ষা অফিসার, জামালপুর এর তদন্ত প্রতিবেদন এবং সভাপতি, ম্যানেজিং কমিটি এর ১২/০১/২০২০ তারিখের কারণ দর্শানো জবাব সন্তোষজনক না হওয়ায় এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(১) অনুযায়ী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙে দেয়া হলো।

২। বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনা স্বার্থে এডহক কমিটি গঠন করার অনুমতি প্রদান করা হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা, ২০০৯ এসআরও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী এডহক কমিটিতে নাম অন্তর্ভুক্তির জন্য এ পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্বয়ংসম্পূর্ণ অবস্থায় বোর্ডের অনুমোদনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র অবিলম্বে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কমিটির অনুমোদন প্রাপ্তির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম;
- ২। একজন অভিভাবক প্রতিনিধির নাম (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত);
- ৩। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত);

প্রাপকঃ প্রধান শিক্ষক  
বাংলাদেশ উচ্চ বিদ্যালয় (EIIN- 109877)  
উপজেলাঃ সদর, জেলাঃ জামালপুর।


চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বাঃ  
(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ২১৪৫ (৪)

তারিখঃ ২১/০১/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। সভাপতি, প্রাক্তন ম্যানেজিং কমিটি, বাংলাদেশ উচ্চ বিদ্যালয়, সদর, জামালপুর।
- ৪। অফিস কপি।

  
21.01.2020

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

